

74

তারিখ ... 14 JUN 1958 ...
পৃষ্ঠা ... কলাম ...

দৈনিক ইত্তেফাক

ঢাকা বিশ্ববিদ্যালয়ে

সাপ্তাহিক ছুটি
একদিন-শুক্রবার

আনোয়ার আলদীন। আগামী জুলাই মাস হইতে ঢাকা বিশ্ববিদ্যালয়ের সাপ্তাহিক ছুটি হ্রাস করিয়া একদিন করা হইবে। শিক্ষায় গতি সম্বন্ধে লক্ষ্যে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ এই সিদ্ধান্তে নিয়াছে। আসন্ন ১৯৯৮-৯৯ শিক্ষাবর্ষের ক্লাস জুলাইয়ের প্রথম সপ্তাহ হইতে শুরু হইবে। পূর্বের ন্যায় সাপ্তাহিক ছুটি হইবে কেবল শুক্রবার। বৃহস্পতিবার অর্ধদিবস ক্লাস হইবে। শনিবার হইতে বিশ্ববিদ্যালয়ের ক্লাস সপ্তাহ (২য় পৃষ্ঠায় ১-এর কঃ দ্রঃ) -

ঢাকা বিশ্ববিদ্যালয়

(প্রথম পৃঃ পর)

শুরু হইবে। সরকারী নির্দেশ অনুযায়ী অন্যান্য প্রতিষ্ঠানের মতই ঢাকা বিশ্ববিদ্যালয়ে বর্তমানে সপ্তাহে দুই দিন ছুটি পালিত হইতেছে। ৬/৭ মাস পূর্বে দেশের প্রায় সকল বিশ্ববিদ্যালয় ও শিক্ষা প্রতিষ্ঠানে সাপ্তাহিক ছুটি হ্রাস করিয়া একদিন করা হইলেও ঢাকা বিশ্ববিদ্যালয়ে করা হয় নাই।

গতকাল ইত্তেফাকে গত শিক্ষাবর্ষে মাত্র ১৭২ দিন ক্লাস হইয়াছে এই সংক্রান্ত সংবাদ প্রকাশের পর কর্তৃপক্ষ ছুটি হ্রাস করার সিদ্ধান্ত নেন। ডিসি প্রফেসর আজাদ চৌধুরী জানান, সপ্তাহে ৫ দিন ক্লাস হইলেও 'ওয়াকিং আওয়ার' বাড়িয়াছে। শিক্ষকদের ওভারটাইম-ও অন্যান্য খাতে ব্যয় বাড়িয়াছে। তিনি বলেন, সকল কিছ পোষাইয়া নেওয়ার জন্য জুলাইয়ের প্রথম সপ্তাহ হইতে সাপ্তাহিক ছুটি একদিন হইবে।

প্রতিবছর ২০০ গরীব ও

মেধাবীর জন্য বৃত্তি

আসন্ন শিক্ষাবর্ষ হইতে ঢাকা বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ নিজস্ব ফান্ড হইতে দুইশত মেধাবী ছাত্র-ছাত্রীকে বৃত্তি প্রদান করিবে। বর্তমানে বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন ট্রাস্ট ফান্ড হইতে ৪৮৪টি আভার গ্র্যাজুয়েট বৃত্তি দেওয়া হয়। বর্তমানে ১৩৫টি ট্রাস্টফান্ডের ৫ কোটি টাকা হইতে বৃত্তি দেওয়া হইয়া থাকে। নতুন এই ২০০ বৃত্তির সবই হইবে আভার গ্র্যাজুয়েটদের জন্য।

ইহাছাড়া, নিতান্ত গরীব ছাত্রদের বিশ্ববিদ্যালয় বিনা খরচে লেখাপড়ার ব্যবস্থা করিবে। তবে প্রকৃত গরীব কিনা, সে বিষয়ে কর্তৃপক্ষ নিশ্চিত হইয়া তবে তাহাকে বিনা খরচায় লেখাপড়া করার উদ্যোগ নিবে। এই বৃত্তি ও বিনা খরচে লেখাপড়ার অর্থায়ন হইবে ছাত্র বেতন ও ফি বৃদ্ধির মাধ্যমে। ইতিমধ্যে ছাত্র বেতন ও ফি বৃদ্ধি করা হইয়াছে।

বাজেটে গবেষণা খাতে

সর্বোচ্চ বরাদ্দ

ঢাকা বিশ্ববিদ্যালয়ের আসন্ন প্রস্তাবিত বাজেটে গবেষণা খাতে সর্বোচ্চ ১ কোটি ৭৫ লক্ষ টাকা বরাদ্দ করা হইয়াছে। ইহার বাহিরে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ বিজ্ঞান ও প্রযুক্তি খাতে সরকারের নিকট হইতে ইতিমধ্যে ২ কোটি ৪ লক্ষ টাকা অনুদান লাভ করিয়াছে।

আগামীকাল বার্ষিক

সিনেট অধিবেশন

আগামীকাল (সোমবার) ঢাকা বিশ্ববিদ্যালয়ের বার্ষিক সিনেট অধিবেশন শুরু হইবে। অপরহু সাড়ে ৩টায় সিনেট কক্ষে এই অধিবেশনে সভাপতিত্ব করিবেন ডিসি প্রফেসর আজাদ চৌধুরী। সিনেটে ১৯৯৮-৯৯ শিক্ষাবর্ষের বাজেট পেশ করা হইবে।